

লেভী তহবিল

পটভূমি : বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ-১৯৮৩ ধারা এর ১২ (৪) (ই) মোতাবেক বাংলাদেশের বন্দরে আগত জাহাজসমূহ হতে নির্দিষ্ট হারে লেভী আদায়ের জন্য “লেভী সংগ্রহ বিধিমালা-২০১৩” প্রণয়ন করা হয়। যা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা ০১/০৭/২০১৩ খ্রিঃ তারিখ মূলে প্রকাশিত হয়। বর্ণিত বিধি মোতাবেক চট্টগ্রাম ও মংলা বন্দরে আগত দেশী-বিদেশী পতাকাবাহী সমুদ্রগামী সকল নৌ-বাণিজ্য জাহাজ প্রতিবার বন্দর ত্যাগ কালীন সময়ে ২০(বিশ) ইউএস ডলার এর সমপরিমান বাংলাদেশী মুদ্রায় লেভী প্রদান করেন, “লেভী তহবিল শিরনামে” রূপালী ব্যাংক, বিদ্যুৎ ভবন শাখা, আত্রাবাদ, চট্টগ্রামের সঞ্চয়ী হিসাব নম্বর- ১০৭৫২৫ মূলে ০১/০১/২০১৪ তারিখ হতে লেভী জমা হচ্ছে। বর্ণিত বিধিমালা মোতাবেক আলোচ্য লেভী প্রদানের ব্যাংক রশিদ জমা প্রদান সাপেক্ষে নৌ-বাণিজ্য দপ্তর ও সরকারি সমুদ্র পরিবহন অফিস সংশ্লিষ্ট জাহাজকে বন্দর ত্যাগের ছাড়পত্র প্রদান করেন।

লেভী তহবিল পরিচালনা কমিটি

(ক)	মহা-পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা	সভাপতি
(খ)	উপ-সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
(গ)	প্রিন্সিপাল অফিসার, নৌ-বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য
(ঘ)	বাংলাদেশ শিপিং কর্পোরেশনের একজন প্রতিনিধি	সদস্য
(ঙ)	বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতির একজন প্রতিনিধি	সদস্য
(চ)	বিদেশী জাহাজ মালিক সমিতির একজন প্রতিনিধি	সদস্য
(ছ)	বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশনের সভাপতি/সাধারণ সম্পাদক	সদস্য
(জ)	ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স হক এন্ড সন্স লিঃ	সদস্য
(ঝ)	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সদস্য সচিব

